



**ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ**  
**প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪)**  
**৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।**  
**হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট**

তারিখঃ ২৫ আষাঢ় ১৪৩১  
০৯ জুলাই ২০২৪

**প্রশাসনিক পরিপত্র নং- ৩৭/২০২৪**

কর্পোরেশনের পরিচালনা বোর্ডের ৩০ জুন ২০২৪ তারিখে অনুষ্ঠিত ৬৪৫তম সভায় অনুমোদিত এবং প্রশাসনিক পরিপত্র নং- ৩৬/২০২৪, তারিখ: ০৪ জুলাই ২০২৪ এর মাধ্যমে জারিকৃত “পুঁজিবাজারে বিনিয়োগ নীতিমালা-২০২৪” অনুযায়ী বুক বিল্ডিং পদ্ধতিতে শেয়ারের যথাযথ মূল্য নির্ধারণের মাধ্যমে কর্পোরেশনের বিভিন্ন পত্রকোষ হতে বিডিং-এ অংশগ্রহণের জন্য নিম্নোক্তভাবে “বিডিং রিকমেন্ডেশন কমিটি” গঠিত হলো:

০১. উপ-ব্যবস্থাপনা পরিচালক	সভাপতি
০২. মহাব্যবস্থাপক, অপারেশনস্	সদস্য
০৩. মহাব্যবস্থাপক, অ্যাকাউন্টস্ অ্যান্ড ফাইন্যান্স	সদস্য
০৪. উপ-মহাব্যবস্থাপক, ফাইন্যান্স ডিভিশন	সদস্য
০৫. উপ-মহাব্যবস্থাপক, প্লানিং অ্যান্ড রিসার্চ ডিভিশন	সদস্য
০৬. উপ-মহাব্যবস্থাপক, পোর্টফোলিও ম্যানেজমেন্ট ডিভিশন	সদস্য
০৭. সহকারী মহাব্যবস্থাপক, পোর্টফোলিও ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট	সদস্য
০৮. সহকারী মহাব্যবস্থাপক, স্টক মার্কেট এনালিসিস্ ডিপার্টমেন্ট	সদস্য সচিব

**কমিটির কার্যপরিধি:**

কমিটি সিকিউরিটিজের মূল্য ও সম্ভাবনা সংশ্লিষ্ট সার্বিক বিষয়াদি বিশ্লেষণ করে বিডিং-এ অংশগ্রহণের সুপারিশ করবে। বিডিং এ কি পরিমাণ শেয়ারের জন্য আবেদন করা হবে সে বিষয়েও কমিটি সুপারিশ করবে। কমিটির সুপারিশের ভিত্তিতে কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী আইসিবি ও আইসিবি পরিচালিত ইউনিট ফান্ড পোর্টফোলিও হতে বিডিং প্রক্রিয়ায় অংশগ্রহণ করা হবে।

- ০২। কমিটি সভায় ন্যূনতম ০৫(পাঁচ) জন সদস্য উপস্থিত থাকলে কোরাম পূরণ হবে। সভাপতির অনুপস্থিতিতে সভায় উপস্থিত কমিটির জ্যেষ্ঠতম সদস্য সভাপতি এবং সদস্য সচিবের অনুপস্থিতিতে সভায় উপস্থিত কমিটির কনিষ্ঠতম সদস্য সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন।
- ০৩। কমিটির সভা এবং আনুষঙ্গিক অন্যান্য বিষয় “পুঁজিবাজারে বিনিয়োগ নীতিমালা-২০২৪” অনুযায়ী নির্ধারিত হবে।
- ০৪। এ সংক্রান্ত ০৯ আগস্ট ২০২৩ তারিখের ৪৫/২০২৩ নং প্রশাসনিক পরিপত্র রহিত করা হলো।
- ০৫। এ পরিপত্র ০১ জুলাই ২০২৪ তারিখ হতে কার্যকর বলে গণ্য হবে।

(মোঃ আবুল হোসেন)  
ব্যবস্থাপনা পরিচালক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
২. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
৩. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
৮. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. অফিস কপি।

**অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।